অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/13/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পেরেলম্যান আর্টস সেন্টারের উদ্বোধনী অনুষ্ঠানে শিল্প ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের সমর্থনে অতিরিক্ত 37 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল বিনিয়োগের কথা প্রকাশ করেন

বিনিয়োগটি 2023 সালে ইতিমধ্যেই পুরস্কৃত NYSCA ক্যাপিটাল গ্রান্টে 132 মিলিয়ন মার্কিন ডলারের ওপর নির্মিত হবে

আর্টস ক্যাপিটাল প্রোজেক্টস ফান্ডে নিউ ইয়র্ক স্টেট কাউন্সিলের মাধ্যমে অলাভজনক শিল্প ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলির জন্য 37 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ক্যাপিটাল ফান্ডিং উপলভ্য রয়েছে বলে গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন। তহবিলের দুটি বিভাগ রয়েছে: ক্ষুদ্র ও মধ্যম আকারের ক্যাপিটাল উন্নয়ন অনুদান এবং বড় ক্যাপিটাল উন্নয়ন অনুদান। কমিউনিটি ডেভেলপমেন্ট এবং সরকারি জায়গাগুলির পরিকল্পনা, নকশা এবং ব্যবস্থাপনার জন্য বহুমুখী পদক্ষেপকে অগ্রাধিকার দিয়ে বৃহদায়তন মুলধনী প্রকল্পগুলিকে সুবিধা দিতে নতুন একাধিক-বছর অর্থায়ন সহ, এই বছরের প্রথম দিকে NYSCA এর দেওয়া মুলধনী পুরস্কারে প্রায় 132 মিলিতন ডলারের ওপর এই বিনিয়োগটি নির্মিত। গভর্নর হোকল পেরেলম্যান আর্টস সেন্টারের রিবন-কাটার অনুষ্ঠানে এই ঘোষণা করেছেন, যা হল লোয়ার ম্যানহাটনে ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের জায়গায় একদম নতুন তিনটি বিশ্ব-মানের ভেন্যু সহ একটি পারফর্মিং আর্টের জায়গা।

“নিউ ইয়র্কের শিল্প ও সংস্কৃতির ক্ষেত্র স্থাননির্ণয়, পর্যটন এবং আমাদের আঞ্চলিক অর্থনীতির জন্য একটি মুখ্য উপাদান,” **বলেছেন গভর্নর হোকল।** “এই রূপান্তরমূলক ফান্ডিংয়ের মাধ্যমে, আমাদের শিল্প ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলি চাকরির সুযোগ করে এবং নিউ ইয়র্কবাসী এবং আমাদের প্রস্তাবিত সবকিছু উপভোগ করার জন্য আসেন এমন দর্শনার্থীদের পরিষেবা দিয়ে একটি আরও শক্তিশালী, সমৃদ্ধশালী ভবিষ্যত গড়ে তুলছেন।”

NYSCA-র মুলধনী প্রকল্পের তহবিল সেইসমস্ত অমুনাফাভোগী কলা ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে সমর্থন করা যারা মুলধনী উন্নয়নের জন্য স্টেটের তহবিল খুঁজছে যা সংগঠনগুলিকে বৈচিত্র্যময় দর্শকের জন্য সাংস্কৃতিক কর্মসূচি টেকসই ও সম্প্রসারণ করতে দিবে, অ্যাক্সেসিবিলিটি এবং পরিবেশগতভাবে টেকসই হওয়ার প্রকার করবে, চাকরি সংরক্ষণ ও তৈরি করবে, এবং পরিণামে নিউ ইয়র্কের প্রাণবন্ত পর্যটন খাতের বিকাশে অবদান রাখবে।
সুযোগ দুটি হলো:

- **শিল্প ও সংস্কৃতির জন্য ক্ষুদ্র ও মধ্যম আকারের ক্যাপিটাল উন্নয়ন অনুদান** এই সুযোগটি যেকোনো আকারের প্রকল্প এবং অমুনাফাভোগী কলা ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে তহবিল প্রদান করে, যাতে অনুদানের পরিমাণ 2 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত হতে পারে, যা অ্যাক্সেসিবিলিটি, স্বাস্থ্য এবং নিরাপত্তা এবং অবকাঠামোগত এবং ঐতিহাসিক উন্নয়নকে প্রাধান্য দেবে। 2 মিলিয়নের কম ডলারের বাজেটে অপারেট করা সংস্থাগুলির জন্য 10,000, 25,000 এবং 50,000 ডলারের নো-ম্যাচ অনুদানগুলি উপলভ্য। শক্তিশালী প্রকল্প নকশায় পারদর্শিতার সাথে সাংগঠনিক ক্ষমতা সম্পর্কিত জ্ঞাত সিদ্ধান্ত এবং সম্প্রদায়ের চাহিদাকে একীভূত করে যা নিউ ইয়র্ক জুড়ে শিল্প ও সাংস্কৃতিক সংগঠনসমূহের ভবিষ্যতকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে।

- **শিল্প ও সংস্কৃতির জন্য বড় ক্যাপিটাল উন্নয়ন অনুদান** এই বহু-বার্ষিক সুযোগ স্টেটব্যাপী শিল্প ও সাংস্কৃতিক অমুনাফাভোগী প্রতিষ্ঠান যেগুলি কার্যকর, বৃহৎ-আকারের মুলধনী উন্নয়ন প্রকল্প হাতে নিচ্ছে তাদের সহায়তা করবে। অনুদান 2 মিলিয়ন মার্কিন ডলার থেকে শুরু করে 10 মিলিয়ন মার্কিন ডলার হবে ঐসব প্রকল্পের জন্য যাদের মোট খরচ 4 মিলিয়ন মার্কিন ডলার বা তার অধিক। এই অর্থায়ন সেই সমস্ত বিনিয়োগগুলিকে সমর্থন করবে যা সংগঠনগুলিকে সাংস্কৃতিক প্রকল্প সম্প্রসারণের মাধ্যমে নতুন এবং বৈচিত্র্যময় জনসাধারণ পর্যন্ত পৌঁছানো এবং অ্যাক্সেসিবিলিটি প্রচার করার মাধ্যমে বেড়ে উঠতে সহায়তা করবে। এই অনুদানগুলি স্টেটের অর্থনৈতিক উন্নয়ন, বৈচিত্র্য, সমতা এবং অন্তর্ভুক্তকরণের লক্ষ্যগুলিকে অগ্রসর করতে সহায়তা করবে এবং সকল আবেদনকারীর জন্য সামাজিক সমতা উদ্যোগ এবং সকল নিউ ইয়র্কবাসীদের সেবা প্রদান করে এমন অ্যাক্সেস পরিকল্পনায় প্রতিশ্রুতি প্রদান বাধ্যতামূলক হবে।

এই সুযোগগুলির জন্য আবেদন পোর্টাল এবং নির্দেশনা এখন খোলা আছে এবং NYSCA এর ওয়েবসাইট arts.ny.gov-এ অ্যাক্সেস করা যাবে। আবেদন জমা দেওয়ার শেষ তারিখ 11 জানুয়ারি, 2024। নিউ ইয়র্ক স্টেটের সকল যোগ্য অলাভজনক সাংস্কৃতিক সংস্থাকে NYSCA এর ক্যাপিটাল প্রোজেক্ট ফান্ডের জন্য আবেদন করতে উৎসাহ দেওয়া হচ্ছে। NYSCA আবেদন প্রক্রিয়া সম্পর্কে ওয়েবিনারের আয়োজন করবে এবং আবেদনকারীদের জন্য 11 জানুয়ারি, 2024 এর সময়সীমার পূর্বে এক-এক সহায়তা লাভের জন্য একাধিক ভার্চুয়াল অফিস সেশনের আয়োজন করবে। বেশি পরিমাণ মূলধনের সমর্থনে আগ্রহী এমন সম্ভাব্য আবেদনকারীরা NYSCA-এর ক্যাপিটার প্রোজেক্ট কর্মীর সাথে কথা বলতে পারেন যাতে আবেদন করার আগে তাদের প্রোজেক্ট কর্মসূচিটির অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ বলে নিশ্চিত করা যায়।

2018 সাল থেকে, NYSCA গভর্নর এবং আইনসভার সমর্থনের মাধ্যমে সমস্ত 10টি স্টেট অঞ্চলে মোট 182.5 মিলিয়ন মার্কিন ডলারসহ 302টি মূলধনের অনুদান প্রদান করেছে। অর্থবছর 23-এ, প্রায় 50% অনুদান, 3 মিলিয়ন মার্কিন ডলার বা তার কম বাজেটের সংস্থাগুলোকে দেওয়া হয়েছে। এই প্রকল্পগুলি চাকরিদানের সক্ষমতা বৃদ্ধি করে এবং পর্যটন গন্তব্য হিসেবে সাংস্কৃতিক ভেন্যুগুলিকে অগ্রসর করে, নিউ ইয়র্কের আতিথেয়তা, খাদ্য ও পানীয়, এবং খুচরা বিক্রয় খাতকে জোরদার করে।

ক্যাপিটাল প্রকল্পের তহবিলের পাশাপাশি, NYSCA শিল্প সংগঠন এবং শিল্পীদের 24 অর্থবছরে 90 মিলিয়ন মার্কিন ডলার নন-ক্যাপিটাল অনুদান প্রদান করবে। এই অনুদানের প্রাপকদের নাম এই ক্যালেন্ডার বছর শেষ হওয়ার পূর্বে ঘোষণা করা হবে।

নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টস চেয়ার ক্যাথরিন নিকোলস বলেন, "NYSCA এর কর্মী, কাউন্সিল এবং আমাদের শিল্প ও সংস্কৃতি কমিউনিটির পক্ষ থেকে আমরা গভর্নর হোকল এবং আমাদের স্টেটের আইনপ্রণেতাদের নিউ ইয়র্কের শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলোর প্রতি তাদের অবিরত ঐতিহাসিক সহায়তাকে আমরা সাধুবাদ জানাই। ক্যাপিটাল ফান্ডিং প্রোজেক্টগুলির বিস্তারিত প্রভাব রয়েছে চাকরি তৈরির মাধ্যমে এবং বুনিয়াদ মজবুত করে, প্রতিষ্ঠানের প্রসার সম্প্রসারণ করার মাধ্যমে, যা আমাদের কমিউনিটিগুলির আশ্রয়স্থল। ভবিষ্যত প্রজন্মের ওপর এই প্রকল্পগুলির প্রভাব থাকবে।"

স্টেট সেনেটর জোশ সেরানো বলেন, "আমি গর্বিত যে আমাদের স্টেট জুড়ে শিল্প ও সংস্কৃতির যে মারাত্মক প্রভাব রয়েছে তা নিউ ইয়র্ক স্টেট চিনতে পেরেছে। শিল্পে বিনিয়োগ হওয়া প্রতিটি ডলার আমাদের কমিউনিটিতে বিশাল মুনাফা ফিরিয়ে দেয়, পর্যটন, শিক্ষা, চাকরি এবং সরকারি জায়গা পরিকল্পনা, নকশা এবং ব্যবস্থাপনা সহ। এই অবিরাম সহযোগিতা প্রতিষ্ঠানগুলিকে আগামী কয়েক দশক ধরে নিউ ইয়র্কবাসীদের কাছে শিল্পের বাস্তব সুফল প্রদানে সাহায্য করবে।"

অ্যাসেম্বলিসদস্য ড্যানিয়েল ওডোনেল বলেন, "ক্যাপিটাল ফান্ডিংয়ের প্রোজেক্টগুলি শুধুমাত্র অনুদান নয়, তার থেকেও বড়। এরা নিউ ইয়র্কের শিল্প খাতে সৃজনশীলতা এবং বিকাশের আগুন জ্বালায়, পাশাপাশি পর্যটনকে উৎসাহিত করে এবং চাকরির সুযোগ করে। তাই, NYSCA-এর FY2024 ক্যাপিটাল প্রোজেক্ট ফান্ড শুরু হওয়ায়, কীভাবে তারা বিশ্বব্যাপী দর্শনার্থীদের জন্য একটি প্রিমিয়ার সাংস্কৃতিক গন্তব্য হিসাবে নিউ ইয়র্কের জায়গা শক্তিশালী করে দেখার জন্য আমি উন্মুখ হয়ে আছি।"

নিউ ইয়র্ক স্টেটের শিল্প পরিষদের ব্যাপারে

নিউ ইয়র্ক স্টেটের কাউন্সিল অন দ্য আর্টসের (Council on the Arts) এর মিশন হল সকলের জন্য নিউ ইয়র্ক স্টেটের শিল্প, সংস্কৃতি, এবং সৃজনশীলতার সম্পূর্ণ ব্যাপ্তি প্রতিপালন ও উন্নত করা। নিউ ইয়র্ক স্টেট জুড়ে শিল্পকলার চলমান পুনরুদ্ধারকে সমর্থন করার জন্য, 2024 অর্থ বছরে কাউন্সিল অন দ্য আর্টস 127 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদান করবে। নিউ ইয়র্কের সৃজনশীল সংস্কৃতিকে আরও এগিয়ে নিয়ে যেতে আর্ট কাউন্সিল নেতৃত্বের জন্য আরও লোক নিয়োগ করে সাংগঠনিক ও পেশাদার উন্নয়নের পথ প্রশস্ত করে তথ্য সম্পদকে আরও সমৃদ্ধ করছে। 1960 সালে গভর্নর নেলসন রকফেলার কর্তৃক তৈরি এবং গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্ক স্টেট আইনসভার সমর্থনে অব্যাহত, কাউন্সিল হল একটি সংস্থা যা নির্বাহী শাখার অংশ। NYSCA সম্পর্কিত আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে দেখুন www.arts.ny.gov, এবং ফলো করুন NYSCA-র Facebook পেজ, Twitter @NYSCArts এবং Instagram @NYSCouncilontheArts।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন